গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সচিবালয় শাখা
www.mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১২২.৯৯.০১৪.২১-২২৯

তারিখ: ২৩ শ্রাবণ ১৪৩০
০৭ আগস্ট ২০২৩

বিষয়: **বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড -এর আইন সংশোধন/পুন:প্রণয়ন।**

সূত্র: বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর স্মারক নম্বর: ০৫.৮১.০০০০.০০৭.২২.১৩৮.২২-১৭৩; তারিখ: ০৭ মে, ২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আইন, ২০০৪ কিছুটা পরিবর্তন করে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (সংশোধন) আইন, ২০১৮ প্রণীত হয়। তদুপরি আইনটি যুগপোযোগীকরণসহ বর্তমান বাস্তবতায় কর্মচারীগণের সার্বিক কল্যাণার্থে আরো কিছু ধারা-উপধারা পরিবর্তন, পরিমার্জন ও সংশোধনের প্রয়োজনীয়তা দেখা দেয়, যেমন ধারা-৫ এ উল্লিখিত বোর্ডের গঠন পরিবর্তন/পরিবর্ধন, ধারা-৬ এ জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদান প্রদানের ক্ষেত্রে কর্মরত অবসরপ্রাপ্ত কর্মচারী এবং স্পাউস (স্বামী/স্ত্রী) ও নির্ভরশীল ছেলে-মেয়ে-কে অন্তর্ভুক্তকরণ, সরকারি কর্মচারীগণের অধিকতর কল্যাণ সাধনের জন্য বোর্ডের অধীন একটি স্বতন্ত্র বীমা কোম্পানী গঠণের বিষয়টি অন্তর্ভুক্তকরণ ইত্যাদি।

২। বর্ণিত পরিপ্রেক্ষিতে কর্মচারী কল্যাণ বোর্ড থেকে গঠিত কমিটি কর্তৃক বিদ্যমান আইনটি পরীক্ষা-নিরীক্ষা করে আইনের একটি খসড়া প্রস্তাব প্রণয়ন করা হয়। উক্ত খসড়া সংশোধনী প্রস্তাবটি গত ১৭/০৪/২০২৩ তারিখে অনুষ্ঠিত ৩৬ তম বোর্ড সভায় উপস্থাপন করা হলে পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনাপূর্বক নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

> "**সিদ্ধান্ত:** বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আইন, ২০০৪ সংশোধনের বিষয়ে প্রণীত খসড়া পরীক্ষান্তে নীতিগত অনুমোদন প্রদান করা হয়। প্রস্তাবিত খসড়াটি আইনে পরিণত করার লক্ষ্যে পরবর্তী কার্যক্রমের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়" (৩৬তম বোর্ড সভার কার্যবিবরণীর আলোচ্য বিষয়-৩)"।


৩। বোর্ড সভার উপরোক্ত সিদ্ধান্ত অনুযায়ী কর্মচারী কল্যাণ বোর্ড থেকে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আইনের খসড়া সংশোধনী প্রস্তাব সূত্রোক্ত পত্রের মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। উল্লেখ্য, প্রস্তাবিত বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আইন সংশোধনের বিষয়টি কেন্দ্রীয় ও মাঠ পর্যায়ের সকল সরকারি কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রযোজ্য বিধায় Rules of Business, 1996 (Revised up to April 2017)- এর 31A, অনুচ্ছেদ অনুযায়ী সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ তথা সকল স্টেকহোল্ডারদের মতামত প্রয়োজন।

৪। এমতাবস্থায়, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (সংশোধন) আইন ২০২৩ শিরোনামে প্রস্তাবিত খসড়া সংশোধনী আইন এবং বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের বিদ্যমান আইন ও প্রস্তাবিত আইনের খসড়া সংশোধনী প্রস্তাবের (তুলনামূলক বিবরণীর pdf, ও soft copy) এতদসংগে সংযুক্ত করা হ'ল। আইনের উক্ত খসড়া সংশোধনী প্রস্তাবের বিষয়ে আগামী ০৭/০৯/২০২৩ তারিখের মধ্যে সুস্পষ্ট মতামত নিম্নোক্ত ছক মোতাবেক ই-নথিতে পত্রজারির মাধ্যমে বা Nikosh Font-এ হার্ডকপি ও সফট কপি adminsec@mopa.gov.bd -ইমেইল ঠিকানায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল:

**বিষয়: বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আইনের খসড়া সংশোধনী প্রস্তাবের বিষয়ে মতামত**

| ক্রমিক | বিদ্যমান আইনের ধারা ও বিষয় | প্রস্তাবিত খসড়া আইনের ধারা ও বিষয় | মতামত (পরিবর্তন/সংযোজন/বিয়োজন) |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| | | | |




৭-৮-২০২৩
মোসা. তাসলিমা আলী
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১৪৮৮৯
ইমেইল: adminsec@mopa.gov.bd

বিতরণ :
১) সিনিয়র সচিব/সচিব, মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থা প্রধানগণ
৩) জনপ্রশাসন মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা
৪) বিভাগীয় কমিশনার (সকল)।
৫) জেলা প্রশাসক (সকল)।
৬) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১২২.৯৯.০১৪.২১-২২৯/১(৬)

তারিখ: ২৩ শ্রাবণ ১৪৩০ / ০৭ আগস্ট ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) মহাপরিচালক (সচিব) , বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
২) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৩) যুগ্মসচিব, সচিবালয় ও কল্যাণ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬) অফিস কপি/ মাস্টার কপি।



৭-৮-২০২৩
মোসা. তাসলিমা আলী
সিনিয়র সহকারী সচিব